গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত রিভিউ সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ জনাব অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব (কারিগরি) ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
তারিখঃ ১২ আগষ্ট, ২০১৭ খ্রিঃ, সময়ঃ দুপুর ১২:০০ ঘটিকা
স্থানঃ ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষের সভাকক্ষ

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু হয়। অতঃপর স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনাক্রমে যথাযথভাবে বাস্তবায়ন বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ১৫ আগস্ট ২০১৭ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষে ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | ১৫ আগস্ট ২০১৭ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে ফ্লাগ রুলস যথাযথভাবে অনুসরণ করতে হবে। | স্ব-স্ব দপ্তর/ প্রতিষ্ঠান প্রধান |
| ০২ | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | ক) ১৫ আগস্ট ২০১৭ তারিখ সকালে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।<br><br>খ) পুষ্পস্তবক অর্পনের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন ঢাকাস্থ দপ্তর/প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যানারসহ সকাল ৬:৩০ মিনিটের পূর্বে কলাবাগানস্থ লাজফার্মার বিপরীত পার্শ্বে উপস্থিত হতে হবে।<br><br>গ) প্রতিষ্ঠান ভিত্তিক কর্মকর্তা-শিক্ষক-কর্মচারীর ন্যূনতম সংখ্যা হবে;<br>১) কারিগরি শিক্ষা অধিদপ্তর ৬০<br>২) ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট ২০০<br>৩) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ২০<br>৪) ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট ১০<br>৫) গ্লাস এন্ড সিরামিক ইন্সটিটিউট ৫০<br>৬) গ্রাফিক আর্টস ইন্সটিটিউট ২৫ | গঠিত সমন্বয় কমিটি |
| ০৩ | দোয়া মাহফিল | ক) ১৫ আগস্ট ২০১৭ তারিখ কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন দপ্তর/প্রতিষ্ঠানসমূহে দোয়া মাহফিলের ব্যবস্থা নিশ্চিত করবে। | স্ব-স্ব দপ্তর/ প্রতিষ্ঠান প্রধান |

১৭/৮/১৭

| ক্রঃ নং | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৪ | আলোচনা সভা ও দোয়া মাহফিল | ক) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উদ্দ্যোগে ১৫ আগস্ট ২০১৭ তারিখ দুপুর ২:০০ টায় কাকরাইলস্থ আইডিইবি ভবনের মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়নে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।<br>খ) আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহনের জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে দুপুর ২:০০ টার মধ্যে আইডিইবি-ভবনে উপস্থিত থাকতে হবে।<br>গ) প্রতিষ্ঠান ভিত্তিক কর্মকর্তা-শিক্ষক-কর্মচারীর ন্যূনতম সংখ্যা হবে;<br>১) কারিগরি শিক্ষা অধিদপ্তর ১০০<br>২) ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট ১৫০<br>৩) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ১৫<br>৪) ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট ৩০<br>৫) গ্লাস এন্ড সিরামিক ইন্সটিটিউট ৩০<br>৬) গ্রাফিক আর্টস ইন্সটিটিউট ২৫<br>আমন্ত্রিত অন্যান্য কর্মকর্তাবৃন্দ<br>(কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক আমন্ত্রিত) | গঠিত সমন্বয় কমিটি |
| ০৫ | পুরস্কার বিতরণ | ক) জাতীয় শোকদিবস উপলক্ষে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিটিউট, গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট-এ আয়োজিত বিভিন্ন বিষয়ের প্রতিযোগতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী মোট ৩৬ জন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হবে।<br>খ) ১৫ আগস্ট ২০১৭ তারিখের আলোচনা সভায় উক্ত পুরস্কার বিতরণ করা হবে।<br>গ) ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ উক্ত পুরস্কার ক্রয়, সংরক্ষন ও বিতরনের ব্যবস্থা গ্রহন করবেন। | অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট। |
| ০৫ | অনুষ্ঠান স্থলের নিরাপত্তা বিধান | ১৫ আগস্ট ২০১৭ তারিখ বেলা ৩:০০টায় কাকরাইলস্থ আইডিইবি ভবনের মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়নে অনুষ্ঠিতব্য আলোচনা সভা ও দোয়া মাহফিলের সার্বিক নিরাপত্তা বিধান কল্পে ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর কমিশনার ও সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ০৬ | কর্মসূচী সমন্বয়ে কমিটি গঠন | উক্ত দিবসের সকল কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পাদন ও সমন্বয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগনের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।<br>ক) পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর আহবায়ক<br>খ) অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট সদস্য<br>গ) প্রকল্প পরিচালক, বরিশাল ইঞ্জিঃ কলেজ স্থাপন প্রকল্প সদস্য<br>ঘ) সহাকারী পরিচালক (শাখা-১), কারিগরি শিক্ষা অধিদপ্তর সদস্য<br>ঙ) সহাকারী পরিচালক (শাখা-৮), কারিগরি শিক্ষা অধিদপ্তর সদস্য<br>চ) প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর সদস্য<br>কমিটি ১৫ আগস্ট ২০১৭ তারিখ দিবসের সকল কর্মসূচি বাস্তবায়নে সমন্বয় সাধন করবেন। | কারিগরি শিক্ষা অধিদপ্তর |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি) ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.১৬৭.১৩/৫৯৭ (১৫০) তারিখঃ ১৬/০৮/২০১৭ খ্রিঃ।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এ্যানহেন্সমেন্ট প্রজেক্ট/১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৪. অধ্যক্ষ, টিটিটিসি/ভিটিটিআই/ইঞ্জিনিয়ারিং কলেজ/ ............................................. পলিটেকনিক ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/কম্পিউটার ইনস্টিটিউট।
৫. সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/নিরাপত্তা/ষ্টোর/যানবনাহন/ট্রেনিং/সমম্বয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৭. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

১৬/৮/১৭

(মনজুরুল কাদের)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২১/৮/১৭